
# বর্জ্য ব্যবস্থাপনা সংক্রান্ত নীতিমালা।
# Waste Management Policy

স্প্রিং ট্রেড লিমিটেড এর কর্তৃপক্ষ ফ্যাক্টরীর অভ্যন্তরীন পরিবেশ, পরিবেশ সুরক্ষা ও মানসম্মত উৎপাদন প্রক্রিয়া নিশ্চিত করতে বদ্ধ পরিকর। কর্তৃপক্ষ কারখানায় উৎপাদন প্রক্রিয়ার বিভিন্ন বর্জ্যসহ অন্যান্য শক্ত বা তরল যে কোনো প্রকার বর্জ্য সঠিক উপায়ে অপসারণের মাধ্যমে স্বাস্থ্য-সম্মত কর্মপরিবেশ রক্ষায় একটি সুনির্দিষ্ট নীতিমালা অনুসরণ করে থাকে এবং বাংলাদেশ শ্রম আইন, বাংলাদেশ মেডিকেল বর্জ্য আইন, বাংলাদেশ ব্যাটারী ডিসপোজাল রুল, বাংলাদেশ পরিবেশ আইন এবং বাংলাদেশ পরিবেশ রুল সমূহ মেনে চলে।

**স্প্রিং ট্রেড লিমিটেড- এর অভ্যন্তরে যে সমস্ত শিল্প বর্জ্য হয়ে থাকে তা নিম্নরূপঃ**

কারখানার অভ্যন্তরে বিভিন্ন শিল্প বর্জ্য ব্যবহারের চার্টঃ




নীতিমালা সমূহ ঃ

ক। গার্মেন্টস এর ছেড়া/অবশিষ্ট বর্জ্য কাপড় বা ঝুঁট, পলিব্যাগ, কার্টুন ও অন্যান্য আবর্জনা বর্জ্য ফেলার নির্দিষ্ট স্থানে জমা করতে হবে। কারখানার ঝুটগুলো ৩ ভাগে বিভক্ত করে সংরক্ষন করতে হবে। Cotton, Poly, Polestar আলাদা ভাবে রাখতে হবে, বর্জ্য যেখানে সেখানে ফেলানো যাবে না এবং পরিবেশ দূষন করা যাবে না।

খ। সকল ঝুঁট বস্তায় ভরে ষ্টোর রুমে জমা রাখবে এবং দায়িত্বপ্রাপ্ত ব্যাক্তি নিজ দায়িত্বে অতি সত্তর অনুমোদিত সরবরাহকারীর মাধ্যমে অপসারণ করার ব্যবস্থা করবে।

গ। পলিথিন জাতীয় কোন বর্জ্য পোড়ানো যাবে না বা নদীতে ফেলা যাবে না।

ঘ। যে কোন ধরনের বর্জ্য, পচনশীল বা অপচনশীল বর্জ্য খোলাভাবে ফেলে রাখা যাবে না, কোন ঢাকনাযুক্ত বা ঢাকনাহীন ডাষ্টবীনে জমা করতে হবে।

ঙ। ঝুঁট বিক্রির পর অবশিষ্ট বিক্রয় অযোগ্য আবর্জনা/বর্জ্য পর্দার্থ বর্জ্যবাহী গাড়ীতে করে নির্দিষ্ট স্থানে ফেলতে হবে।

চ। কারখানার বর্জ্য, কেমিক্যাল বা দুষিত পানি/তরল পদার্থ সরাসরি ফেলা যাবে না।

ছ। কারখানার অভ্যন্তরে কোন বর্জ্য ফেলা যাবে না অথবা পুড়ানো যাবে না।

জ নিজস্ব ওয়াটার ট্রিটমেন্ট প্লান্টের পানি বছরে ০২ (দুই) বার পানির বিশুদ্ধতা যাচাই করতে হবে এবং তার ফলাফল রেজিষ্টারে সংরক্ষন করতে হবে। এ ছাড়া রেজিষ্টারের সকল উপাত্ত পরিবেশ অধিদপ্তর চাহিবামাত্র উপস্থাপনের জন্য প্রস্তুত রাখতে হইবে।

ঝ। সকল কারখানার পার্শ্বে বর্জ্য পানি পরিশোধনের জন্য পানি পরিশোধনাগার থাকতে হবে। পৃথক পরিশোধনাগার ব্যবস্থা না করা গেলে কেন্দ্রীয়ভাবে তা নির্মান ও নিয়ন্ত্রন করা যেতে পারে।

ঞ। কারখানা এলাকায় উক্ত পানি শোধনাগারটি সার্বক্ষনিক কার্যক্ষম থাকার নিশ্চিয়তা বিধান করতে হবে।

ট। যথাযথ পরিশোধন ব্যতীত কোন প্রকার পানি/তরল/বর্জ্য পদার্থ নদীতে ফেলা যাবে না।

ঠ। টয়লেট, শৌচাগার থেকে নির্গত বর্জ্য পদার্থ বা আবর্জনা সরাসরি কারখানার মাটির নিচে সেপ্টিক ট্যাংকে চলে যায়।

- ময়লা প্রবাহী প্রত্যেকটি পাইপ এবং ড্রেনে পর্যাপ্ত পানি প্রবাহ নিশ্চিত করা হয়, যাতে বর্জ্য অপসারণে কোনো বাধার সৃষ্টি না হয়।
- পানি ব্যবহারের সকল জায়গার সাথে কারখানার প্রধান ড্রেনের সংযোগ আছে।
- কারখানার প্রধান ড্রেন যথেষ্ট পরিমান গভীর ও প্রশস্ত করে তৈরী করা হয়েছে যাতে পানি ও ময়লা অপসারণের সময় উপচে না পড়তে পারে।
- জেনারেটরের পোড়া মবিল, সেলাই মেশিন এবং জ্যাকার্ড মেশিনে ব্যবহৃত তেল সঠিক উপায়ে পরিবর্তন করে সংরক্ষণ করা হয়, অতঃপর পূণঃ ব্যবহার করার পর অবশিষ্ট অংশ অনুমোদিত সরবরাহকারীর মাধ্যমে অপসারণ করা হয়।

ড। বিভিন্ন নির্মিতব্য বিল্ডিং/ইমারত অথবা কারখানার সংস্কারের কাজে ব্যবহৃত নির্মান সামগ্রীর উচ্ছিষ্ট আবর্জনা নির্মানকারী কোম্পানী/সংস্থার নিজ দায়িত্বে অপসারন করতে হবে।

কারখানায় নিয়েজিত পরিচ্ছন্নতা কর্মীগণ সর্বদা কারখানায় উৎপাদন প্রক্রিয়ার বর্জ্যসহ অন্যান্য শক্ত বা তরল যেকোন প্রকার বর্জ্য বা ময়লা সঠিক উপায়ে ব্যবস্থাপনার মাধ্যমে কারখানা পরিস্কার পরিচ্ছন্ন রাখাসহ স্বাস্থ্যসম্মত কর্ম পরিবেশ নিশ্চিত করতে বদ্ধ পরিকর।

কারখানা প্রধান যদি কখনো খেয়াল করেন যে তার দায়িত্বাধীন কারখানা কোন পরিবেশ দূষন করছে তবে তৎক্ষনাৎ তিনি উপরস্থ কর্তৃপক্ষের সাথে আলোচনা সাপেক্ষে প্রতিকারের ব্যবস্থা করবেন।

পরিচালক
স্প্রিং ট্রেড লিমিটেড